


উপজেলা মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মিল্টন চন্দ্র রায়, উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট।
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষ।
 সভার তারিখ : ২৯/০৮/২০১৯ খ্রিঃ।
 সময় : বিকাল ০৪.০০ ঘটিকা।
 উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

ক্রং নং	আলোচ্য বিষয় সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	গত সভার কার্য-বিবরণী পাঠ ও দৃষ্টিকরন।	উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়, তাহাতে কোন সংশোধনী না থাকায় চূড়ান্তভাবে দৃষ্টিকরন করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য-সচিব
০২.	বীর মুক্তিযোদ্ধা শ্রী রাম গুরু সরকার, পিতাঃ রামচন্দ্র সরকার এর স্থগিতকৃত মুক্তিযোদ্ধা সম্মানীভাতা পুনরায় চালুকরন প্রসঙ্গে	সভায় উপজেলা সমাজসেবা অফিসার অবহিত করেন যে, জয়পুরহাট সদর উপজেলার বীর মুক্তিযোদ্ধা শ্রী রামগুরু সরকার, পিতাঃ রামচন্দ্র সরকার গ্রামঃ পূর্ব পারুলিয়া, ডাকঘরঃ পুরানপৈল, উপজেলা ও জেলাঃ জয়পুরহাট এর যুদ্ধকালীন বয়স কম হওয়ায় গত জুলাই/১৫ হতে তাঁর মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রদান স্থগিত হয়। বর্তমানে তিনি বিভিন্ন প্রমাণ সাপেক্ষে ইউনিয়ন পরিষদের মাধ্যমে বয়স সংশোধন করেন। সংশোধিত জন্ম সনদ অনুযায়ী তাঁর জন্ম তারিখ ১৬/০৭/১৯৫৭ খ্রি.। তদনুযায়ী তাঁর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদানে কোন অন্তরায় থাকার কথা নয়। সিদ্ধান্তঃ বিষয়টি বিবেচনা পূর্বক সিদ্ধান্ত প্রদানের জন্য জেলা মুক্তিযোদ্ধা ভাতা প্রদান কমিটি বরাবর সুপারিশসহ প্রেরণের সিদ্ধান্ত নেওয়া হলো।	১। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটি ২। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য-সচিব
০৩.	০৩ (তিন) জন মুক্তিযোদ্ধার মৃত্যুজনিত কারনে তাদের ওয়ারিশদের নামে ভাতা মঞ্জুরী প্রদান প্রসঙ্গে।	১। আলোচ্য বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার সভায় অবহিত করেন যে, (১) প্রয়াত বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম, পিতাঃ মৃত পবন উদ্দিন মন্ডল, গ্রামঃ পালি, ডাকঃ নারায়নপাড়া, (২) প্রয়াত বীর মুক্তিযোদ্ধা দেওয়ান আব্দুল আজিজ, পিতাঃ মৃত দারাজুল ইসলাম দেওয়ান, গ্রামঃ চাঁদপুর, ডাকঃ চাঁদপুর (৩) প্রয়াত বীর মুক্তিযোদ্ধা অনিল চন্দ্র প্রামানীক, পিতাঃ মৃত মাখন চন্দ্র প্রামানীক, গ্রামঃ পূর্ব পাড়া শুকতাহার, ডাকঃ দাদরা, গেজেট নং-০৩০৭০১০০১২, মৃত্যুবরণ করায় তাঁদের ওয়ারিশগণ মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির জন্য আবেদন জানিয়েছেন। আবেদনগুলো সভায় পর্যালোচনা ক্রমে (১) বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম (গেজেট নং-১৫২) এর স্ত্রী মোছাঃ বিলকিছয়ারা (২) বীর মুক্তিযোদ্ধা দেওয়ান আব্দুল আজিজ (গেজেট নং-১২১/২০০৪) এর স্ত্রী মোছাঃ শাহিনা আক্তার জাহান, (৩) বীর মুক্তিযোদ্ধা অনিল চন্দ্র প্রামানীক (গেজেট নং-০৭, লাল মুক্তিবর্তা-০৩০৭১০০১২) এর স্ত্রী রেনুকা রানী কে বৈধ ওয়ারিশ হিসেবে মুক্তিযোদ্ধা সম্মানীভাতা অংশ প্রদান করা যেতে পারে। সিদ্ধান্তঃ মৃত মুক্তিযোদ্ধাদের ওয়ারিশগণের নামে মুক্তিযোদ্ধা সম্মানীভাতা মঞ্জুরীর জন্য সুপারিশসহ জেলা মুক্তিযোদ্ধা বাস্তবায়ন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	১। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটি ২। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য-সচিব
০৪.	মৃত বীর মুক্তিযোদ্ধা মোঃ তোজাম্মেল হোসেন এর ১ম স্ত্রী ও সেই পক্ষের সন্তানগণের মুক্তিযোদ্ধা সম্মানীভাতা অর্থ স্থগিত প্রসঙ্গে।	আলোচ্য বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, বীর মুক্তিযোদ্ধা তোজাম্মেল হোসেন এর ১ম স্ত্রী ও সেই পক্ষের সন্তানগণের মুক্তিযোদ্ধা সম্মানীভাতা বন্ধ করার জন্য তাঁর ২য় স্ত্রী মোছাঃ বুলিয়া বেগম, পিতাঃ মৃত ছদের আলী মোল্লা, গ্রামঃ তালরা মুন্সিপাড়া, পৌরসভা ও ডাকঃ তালরা, উপজেলাঃ দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া, একটি আবেদন দাখিল করেছেন। এই বিষয়ে অদ্যপান্ত বিশ্লেষণ করা হয়। দেখা যায় যে, ২য় স্ত্রী বুলিয়া বেগম বর্ণিত বিষয়ে বগুড়া জেলার দুপচাঁচিয়া সহকারি জজ	উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য-সচিব

	আদালতে একটি মোকাদমা দায়ের করিয়াছেন। মামলা নং-৫১/২০১৭। মামলা নং -৫১/২০১৭ এর বিপরীতে ১মা স্ত্রী ছানি মোকাদমা দায়ের করেন। যার নং-১৪/২০১৮। যা চলমান অবস্থায় আছে।	
	সিদ্ধান্তঃ মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ভাতা প্রদান কার্যক্রম বলবৎ থাকিবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।	
বিবিধ	বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।	


(মিল্টন চন্দ্র)

উপজেলা নির্বাহী অফিসার


ও

সভাপতি

“উপজেলা মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ কমিটি”
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণঃ

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জয়পুরহাট।
- ২। প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, জয়পুরহাট।
- ৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, জয়পুরহাট শাখা, জয়পুরহাট।
- ৪। প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ৫। জনাব/বেগম....., সদর, জয়পুরহাট।
- ৬। অফিস কপি।


2018.19
(মোঃ রবিউল ইসলাম)

উপজেলা সমাজসেবা অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

টেলিফোন (অফিস)ঃ (+৮৮) ০৫৭১-৬৩৫৬৭
মোবাইল (অফিস)ঃ (+৮৮) ০১৭০৮-৪১৫০৪৬

ই-মেইলঃ usso.joypurhatsadar@dss.gov.bd